



UNITED PEOPLES DEMOCRATIC FRONT (UPDF)

ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)

(A political party based in the Chittagong Hill Tracts, Bangladesh)

Mailing Address :Swanirbhar bazaar, Khagrachari, Northern Chittagong Hill Tracts, Bangladesh.

Email. updfcht@yahoo.com Website: www.updfcht.com

Ref:

Date: 8 সেপ্টেম্বর ২০১৯

প্রেস বিজ্ঞপ্তি

দীঘিনালা হত্যাকাণ্ডের প্রতিবাদে খাগড়াছড়িতে ইউপিডিএফ-এর বিক্ষোভ

গত ২৬ আগস্ট দীঘিনালায় ইউপিডিএফ সদস্য ভুজেন্দ্র, নবীন ও রুচিল চাকমাকে গ্রেফতারের পর হত্যার প্রতিবাদে আজ বুধবার, ৪ সেপ্টেম্বর ২০১৯ ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট(ইউপিডিএফ)-এর খাগড়াছড়ি সদর ইউনিটের উদ্যোগে বিক্ষোভ মিছিল অনুষ্ঠিত হয়েছে।

খাগড়াছড়ি সদর উপজেলা এলাকায় আজ দুপুরে মিছিল পরবর্তী অনুষ্ঠিত সমাবেশে গণতান্ত্রিক যুব ফোরামের খাগড়াছড়ি জেলা শাখার দপ্তর সম্পাদক লিটন চাকমার সঞ্চালনায় বক্তব্য রাখেন ইউপিডিএফ সংগঠক নিতু চাকমা।

নিতু চাকমা বলেন, পার্বত্য চট্টগ্রামে নিপীড়িত জনগণের অধিকার আদায়ের ন্যায়সঙ্গত আন্দোলন বাধাগ্রস্ত করতেই পরিকল্পিতভাবে ইউপিডিএফ-এর ওপর নিষ্ঠুর দমন-পীড়ন চালানো হচ্ছে। এরই অংশ হিসেবে দীঘিনালায় তিন সদস্যকে গ্রেফতারের কয়েক ঘন্টা পর কথিত 'গোলাগুলির' নাটক সাজিয়ে ঠাণ্ডা মাথায় হত্যা করা হয়েছে।

সরকার খুনের আশ্রয় নিয়ে ইউপিডিএফ-এর নেতৃত্বে পরিচালিত গণআন্দোলন দমনে অপচেষ্টা চালাচ্ছে বলে তিনি অভিযোগ করেন।

তিনি আরো বলেন, ইউপিডিএফ গঠনলগ্ন থেকে নানা বাধা-বিপত্তি মোকাবেলা করে জনগণকে সাথে নিয়ে গণতান্ত্রিকভাবে পূর্ণস্বায়ত্তশাসনের দাবিতে আন্দোলন চালিয়ে যাচ্ছে। ভবিষ্যতেও কোন বাধা ইউপিডিএফকে দমিয়ে রাখতে পারবে না। পার্বত্য চট্টগ্রামের মুক্তিকামী জনগণকে সাথে নিয়ে ইউপিডিএফ সকল বাধা-ষড়যন্ত্র মোকাবেলা করে আন্দোলন চালিয়ে যেতে প্রস্তুত রয়েছে।

ইউপিডিএফ নেতা অবিলম্বে দীঘিনালায় তিন ইউপিডিএফ সদস্যকে হত্যার ঘটনাটি সুষ্ঠু ও নিরপেক্ষ তদন্তপূর্বক ঘটনার সাথে জড়িতদের আইনের আওতায় এনে বিচার করা এবং বিচার বহির্ভূত হত্যা ও ইউপিডিএফ-এর ওপর দমন-পীড়ন বন্ধের দাবি জানান।

বার্তা প্রেরক

নিরন চাকমা

প্রচার ও প্রকাশনা বিভাগ

ইউপিডিএফ।

